

## প্রাথমিকের শিক্ষকরা নিজের বাচ্চাদের ঠিকভাবে পড়ালেও স্কুলে ফাঁকি দেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোতাক্কির রহমান বলেছেন, 'অনেক শিক্ষকই তাঁর স্কুলের বাচ্চাদের ব্যাপারে সচেতন নন। তবে তাঁরা আবার নিজের বাচ্চাদের বিষয়ে সচেতন। শিক্ষকরা ঠিকই তাঁর বাচ্চাকে সরকারি প্রাথমিকে না পড়িয়ে কিন্ডারগার্টেনে ভর্তি করান। অথচ তাঁর স্কুলের ছেলেমেয়েদের ঠিকভাবে পড়ান না। ফাঁকি দেন।' গতকাল শনিবার রাজধানীর আগারগাঁওয়ে এলজিইডি মিলনায়তনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আয়োজিত জাতীয় পর্যায়ে মীনা দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় মোতাক্কির রহমান এসব কথা বলেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বলেন, দুই-চার বছর পর শিশুরা আর প্রাথমিকে ঝরে পড়বে না। সরকার ইতিমধ্যে সব শিশুকে প্রাথমিকে ঝরে পড়া থেকে উদ্ধার করতে নানা উদ্যোগ নিয়েছে। //